

আনন্দ সংবাদ

তারিখঃ ০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ
২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলা প্রশাসন আয়োজিত গত ২৬ - ২৮ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত আজিমপুর গভঃ গার্লস স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত ০৩ (তিন) দিন ব্যাপী “ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮” এ আমাদের উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়েছে। নিজস্ব জনবল দিয়ে বিদ্যালয়ের ওয়েবসাইট ও সকল অটোমেশন সম্পূর্ণ করায় আমাদের বিদ্যালয়কে এ সম্মাননা প্রদান করা হয়।



উক্ত মেলায় অংশগ্রহণকারী প্রতিনিধিদল গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ বুধবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর দফতরে সাক্ষাৎ করে।

কর্তৃপক্ষ